

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ০৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০২.০৪৯.১৯-৫৭৭—দেশে ভারী ও মধ্যম শ্রেণির মোটরযানের তুলনায় ভারী ও মধ্যম মানের ড্রাইভিং লাইসেন্সধারী চালকের সংখ্যার অপ্রতুলতার কারণে যাত্রী ও পণ্যবাহী মোটরযানের স্বাভাবিক চলাচল অব্যাহত রাখা তথা জনস্বার্থ বিবেচনায় সরকার নিম্নবূপ নির্দেশনা জারি করছে :

(১)	গণপরিবহনে ড্রাইভার হিসেবে নিয়োজিত যে ব্যক্তির হালকা মোটরযান চালনার বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্স রয়েছে এবং উক্ত ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ন্যূনতম ০১ (এক) বছর অতিক্রান্ত হয়েছে সে ক্ষেত্রে উক্ত ব্যক্তি তার ড্রাইভিং লাইসেন্সে মধ্যম শ্রেণির মোটরযান সংযোজনের জন্য সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন। অনুরূপভাবে মধ্যম শ্রেণির মোটরযান চালনার বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী ব্যক্তি তার ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ন্যূনতম ০১ (এক) বছর অতিক্রান্ত হলে তার লাইসেন্সে ভারী শ্রেণির মোটরযান সংযোজনের জন্য আবেদন করতে পারবেন। এছাড়াও হালকা শ্রেণির মোটরযান চালনার বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী ব্যক্তি তার ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ন্যূনতম ০৩ (তিন) বছর অতিক্রান্ত হলে তার লাইসেন্সে সরাসরি ভারী মোটরযান সংযোজনের জন্য আবেদন করতে পারবেন।
-----	---

(২৩৫)

মূল্য : টাকা ৪.০০

(২)	অনুচ্ছেদ-১ অনুযায়ী আবেদনপত্র প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হালকা মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্সে মধ্যম বা ভারী এবং মধ্যম মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্সে ভারী মোটরযান সংযোজনের ব্যবস্থা করবেন। এক্ষেত্রে শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সসহ অন্যান্য প্রচলিত বিধি-বিধান অনুসরণযোগ্য।
(৩)	ড্রাইভিং লাইসেন্সে মধ্যম বা ভারী মোটরযান সংযোজনের শর্ত শিথিল সংক্রান্ত এ আদেশ আগামী ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
(৪)	৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত সময়ে সর্বনিম্ন ১ (এক) বছর মেয়াদি হালকা মোটরযান চালনার পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণ মধ্যম শ্রেণির মোটরযান এবং সর্বনিম্ন ১ (এক) বছর মেয়াদি মধ্যম মোটরযান চালনার পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণ ভারী শ্রেণির মোটরযান চালাতে পারবেন। উক্ত সময়সীমার পর এর কার্যকারিতা বাতিল বলে গণ্য হবে।
(৫)	মোটরযান চালানোর ক্ষেত্রে ট্রাফিক আইন-কানুন, সাইন-সিগন্যাল, বিধি-বিধান এবং প্রচলিত সরকারি নিয়ম-নীতি ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। The Motor Vehicle Rules, 1984 এর rule 8(2) এ বর্ণিত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন

সহকারী সচিব।